

সন্মানিত লেখকবৃন্দ

যে কোন লেখা পাবার সাথে সাথেই সম্পাদক হিসাবে আমাদের মধ্যে একটা চাপ সৃষ্টি হয় - কত দ্রুত লেখাটাকে পোস্ট করা যায়। সেই সুযোগে লেখকের ভুল তথ্য বা ভুল রেফারেন্সের দায় ভার এসে সম্পাদকের ঘাড়েই পড়ে।

অনেক সময় দেখা যায় এমন একটা লেখা পোস্ট করা হয়েছে যা অন্য একটা লেখার বিপরীতে লেখা হয়েছে এবং মূল লেখাটা সদালাপে পোস্ট করা হয়নি (যেমন মোঃ মোস্তফা কামালের "থলের বিড়াল" - যা একটা সমালোচনা কিন্তু মূল লেখাটা ফরিদ আহম্মদের)। যার অর্থ করা যায় - সদালাপ এক পক্ষের মতামতকে প্রাধান্য দেয়। বিষয়টা মোটেও কিন্তু তা না। সম্পাদকের গোচরীভূত হওয়ার সাথে সাথে জনাব ফরিদ আহম্মদকে অনুরোধ করা হয়েছে যেন উনি সদালাপে মূল লেখাটা পাঠান। কিন্তু ভদ্রলোক উনার মূল লেখাটা পাঠাতে আগ্রহী নন বলে জানিয়েছেন। আশা করি পাঠক - সদালাপের অবস্থানটা নিয়ে কোন প্রশ্ন তুলবেন না। তবে - কথা দিচ্ছি ভবিষ্যতে এদিকে নজর রাখতে চেষ্টা করবো।

এখানেও কি আমরা লেখকদের পক্ষ থেকে একটু বেশী দায়িত্বশীলতা আশা করতে পারি না? সম্পাদক হিসাবে নিজের ঘাড়টাকে নিরাপদ রাখার জন্য একটা অনুরোধ - কোন লেখা যদি অন্য লেখার সম্পর্কিত হয় - মূল লেখার রেফারেন্সটা যেন উল্লেখ করা হয়। এতে বিতর্কও এড়ানো যাবে - সাথে সাথে আমরা মূল লেখাটা পড়ার সুযোগও পাবো।

সবার সহযোগীতা প্রত্যাশায় -

সম্পাদক

সদালাপ ডট কম